# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 17-07-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

(১) দেশে বাল্য বিবাহ রোধের পদক্ষেপ সম্পর্কে জাতীয় পর্যায়ের দুটি সংস্থার চালানো জরীপে আসাম শীর্ষস্থানে/

(২) আসাম-মিজোরাম সীমান্তের কাছাড় জেলার ভূবন পাহাড়ে পুলিশ ও উগ্রপন্থীদের মধ্যে হওয়া সংঘর্ষে তিনজন উগ্রপন্থী নিহত/

(৩) জাতীয় গুণগতমান নিশ্চিতকরণ কার্যসূচীর আওতায় দরং জেলার তিনটি আয়ুষ্মান আরোগ্য মন্দিরের জাতীয় স্বীকৃতি লাভ/

এবং

(৪) বরাক উপত্যকায়ও চিরাচরিত ধর্মীয় ভাবনায় আজ মহরম উদযাপিত/

---------------------------------------------------------------------------

দেশে বাল্য বিবাহ রোধ করার ক্ষেত্রে জাতীয় পর্যায়ের দুটি সংস্থার চালানো জরীপ অনুসারে আসাম বাল্য বিবাহ রোধের পদক্ষেপ গ্রহণ করার ক্ষেত্রে শীর্ষ রাজ্য হিসেবে পরিগণিত হয়েছে । ইন্ডিয়া চাইল্ড প্রটেকশন এবং বাল্য বিবাহ মুক্ত ভারত নামের সংস্থা দুটির সমীক্ষা অনুসারে আসাম সরকারের গৃহিত

পদক্ষেপের ফলে ৮১ শতাংশ বাল্য বিবাহ রোধ করা সম্ভব হয়েছে । আসমের এই উদাহরণ তুলে ধরে কেন্দ্রীয় সরকার অন্যান্য রাজ্যগুলিকেও এই পদক্ষেপ গ্রহণ করার আহ্বান জানিয়েছে । আসাম সরকারের সর্বশেষ কঠোর আইনী পদক্ষেপ গ্রহণ করার ফলে রাজ্যে উল্লেখযোগ্য ভাবে বাল্য বিবাহ হ্রাস পেয়েছে বলে সমীক্ষায় প্রকাশ করা হয়েছে । সমীক্ষার তথ্য অনুসারে আজ নতুন দিল্লীতে প্রকাশিত টুয়ার্ডস জাষ্টিস শীর্ষক প্রতিবেদনে আসামের বাল্য বিবাহের ক্ষেত্রে রাজ্য সরকারের গ্রহণ করা কঠোর নীতির প্রশংসা করা হয় । বাল্য বিবাহ মুক্ত ভারতের প্রতিষ্ঠাতা ভূবণ রিবু এবং জাতীয় শিশু অধিকার সুরক্ষা সংস্থার অধ্যক্ষ প্রিয়ংক কাননগো এই প্রতিবেদন প্রকাশ করে সমগ্র দেশের মধ্যে ২০২১-২২ সালের তুলনায় ২০২৩-২৪ সালে আসামে ৮১ শতাংশ বাল্য বিবাহ হ্রাস পেয়েছে বলে উল্লেখ করেন । প্রতিবেদনের তথ্য অনুসারে আসামের গ্রামাঞ্চলে ২০২১-২২ সালে বাল্য বিবাহের ঘটনা ৩ হাজার ২২৫টি থেকে ২০২৩-২৪ সালে সেই সংখ্যা হ্রাস পেয়ে ৬শো ৬২ হয়েছে । সমগ্র দেশে প্রতি মিনিটে ৩টি বাল্য বিবাহ সম্পন্ন হচ্ছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর প্রথম বছরের কার্যকালের ৭৫টি গুরুত্বপূর্ণ ভাষনের সংকলিত রূপ- WINGS TO OUR HOPES-VOLUME-1 বইটির আগামীকাল আনুষ্ঠানিক প্রকাশ করা হবে । কেন্দ্রীয় কৃষি মন্ত্রী শিবরাজ সিং চৌহান কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার দপ্তরের মন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের উপস্থিতিতে এই ই-বুকটির আনুষ্ঠানিক প্রকাশ করবেন । কেন্দ্রীয় প্রকাশন বিভাগ হিন্দি ও ইংরেজি ভাষায় ই-বুকটি প্রকাশ করেছে।

---------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সামাজিক মাধ্যমের একটি পোষ্টে মেক-ইন-ইন্ডিয়া অভিযানের মাধ্যমে বিশ্ব মঞ্চে দেশের অর্থনৈতিক ব্যবস্থাকে কিভাবে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব হয়েছে সে সম্পর্কে বিস্তারিত প্রকাশ করেছেন । মেক-ইন-ইন্ডিয়া অভিযানের উল্লেখ করে সামাজিক মাধ্যমে দেওয়া এই বার্তায় বলা হয়েছে যে সমগ্র বিশ্বে ভারতে তৈরী সাইকেলের চাহিদা বৃদ্ধি পেয়েছে । ব্রিটেন

, জার্মানী এবং নেদারল্যান্ডেও ভারতীয় সাইকেলের রপ্তানী বৃদ্ধি পেয়েছে বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেছেন যে চাহিদা বৃদ্ধির এই ঘটনাই আর্ন্তজাতিক বাজারে ভারতের বর্দ্ধিত প্রভাবকে প্রতিফলিত করে ।

এই বার্তায় বলা হয়েছে যে বিহারে প্রস্তুত করা জোতা রাশিয়ার সেনাবাহিনী ব্যবহার করতে শুরু করেছে ফলে ভারতের প্রস্তত করা সামগ্রী সমূহ অপ্রত্যাশিত ভাবে বিশ্ব বাজার দখল করার বিষয়টি স্পষ্ট হয়ে ওঠেছে । এই সাফল্যের মাধ্যমে আর্ন্তজাতিক প্রতিরক্ষা বাজারে ভারতের বর্দ্ধিত প্রভাব এবং দেশে নির্মীয়মান সামর্থ্যের গুণমান প্রতিফলিত হচ্ছে বলেও উল্লেখ করা হয়েছে । এ ছাড়াও , বিশ্বকাপ ক্রিকেট এগিয়ে আসার সঙ্গে সঙ্গে কাশ্মীরে নির্মান করা ক্রিকেট ব্যাটের চাহিদাও বৃদ্ধি পাচ্ছে বলে উল্লেখ করে তিনি বলেন যে এই ব্যাট ভারতের উৎকৃষ্ট শিল্প নৈপুণ্য এবং আর্ন্তজাতিক ক্রিকেটে গুরুত্বপূর্ণ প্রভাবের উদাহরণ

---------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার সংসদের বাজেট অধিবেশনের পূর্বে আগামী ২১ জুলাই একটি সর্বদলীয় বৈঠক আহ্বান করেছে । বৈঠকে সরকার সংসদের উভয় সভার কাজকর্ম সুষ্ঠভাবে এগিয়ে নিয়ে যেতে উভয় পক্ষের সহযোগিতা কামনা করবে । উল্লেখ্য যে সংসদের বাজেট অধিবেশন আগামী ২২ জুলাই থেকে ১২ আগষ্ট পর্যন্ত অনুষ্ঠিত হবে এবং আগামী ২৩ জুলাই সংসদে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ বাজেট পেশ করবেন । এটি হবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন সরকারের তৃতীয় কার্যকালের প্রথম কেন্দ্রীয় বাজেট । রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গত মাসে সংসদের যৌথ অধিবেশনেকে সম্মোধন করে এবারের বাজেট সরকারের সুদূর প্রসারী নীতি এবং ভবিষ্যৎ পরিকল্পনার নথি হবে বলে মন্তব্য করেছিলেন ।

---------------------------------------------------------------------------

কাছাড়-মিজোরাম সীমান্তের ভূবন পাহাড়ে গতরাত্রে পুলিশ এবং উগ্রপন্থীদের মধ্যে সংঘটিত গোলাগুলির ঘটনায় তিনজন উগ্রপন্থী সদস্যের মৃত্যু হয়েছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে- জেলার কচুদরম পুলিশ থানার অর্ন্তগত কৃষ্ণপুর রোডে সন্দেহভাজন উগ্রপন্থীদের গতবিধির খবর গোপন সূত্রে পেয়ে

কাছাড় পুলিশ গতকাল বিকেল সাড়ে চারটা নাগাদ কাছাড় জেলার ধলাই বিধানসভার অর্ন্তগত গঙ্গানগরে অস্ত্রশস্ত্র সহ তিনজন উগ্রপন্থীকে আটক করে । ধৃত এই তিনজন মার উগ্রপন্থীর কাছ থেকে একটি এ কে ৪৭ রাইফেল, একটি সিঙ্গল ব্যারেল রাইফেল, এবং একটি পিস্তল সহ বেশকিছু তাজা কার্তুজ বাজেয়াপ্ত করা হয়েছে । এরপর ধৃত উগ্রপন্থীদের জিজ্ঞাসাবাদ করে পাওয়া তথ্যের ভিত্তিতে পুলিশ এই অভিযান চালায় । জিজ্ঞাসাবাদের সময় তারা জানায় যে- বৃহৎ পরিমাণ অস্ত্রশস্ত্র সহ উগ্রপন্থীদের একটি দল ভূবন পাহাড়ে ঘাঁটি গেড়ে আসাম-মণিপুর সীমান্ত এলাকায় সন্ত্রাসাবাদী কার্যকলাপ চালানোর পরিকল্পনা করছে । এর পরিপ্রেক্ষিতে সদর পুলিশের অতিরিক্ত পুলিশ সুপারের নেতৃত্বে পুলিশের একটি বিশেষ দল ধৃত উগ্রপন্থীদের সঙ্গে নিয়ে ভূবন পাহাড়ের পার্শ্ববর্তী এলাকায় হানা দেয় । পুলিশের দলটি ভূবন পাহাড়ের চড়াই ধরে ওঠার সময় আচমকা পাহাড়ের আড়ালে লুকিয়ে থেকে উগ্রপন্থীরা পুলিশকে লক্ষ্য করে গুলি চালাতে শুরু করে । প্রায় একঘন্টা উভয় পক্ষের মধ্যে গোলাগুলি চলে । দুই পক্ষের গুলিচালনায় ধৃত তিনজন উগ্রপন্থীর গুলিবিদ্ধ হয়ে মৃত্যু হয়েছে । মৃত তিন উগ্রপন্থীদের মধ্যে দুজন কাছাড় জেলার ফুলেরতলের এবং একজন মণিপুরের টিপাইমুখ এলাকার বলে পুলিশ সূত্রে জানা গেছে । এদিকে এই সংঘর্ষে তিনজন পুলিশ কর্মীও আহত হয়েছেন । এছাড়া কাছাড় পুলিশের বেশকয়েকটি বাহনও এই গোলাগুলির ঘটনায় ক্ষতিগ্রস্ত হয়েছে । তবে ছয়-সাতজন সন্দেহভাজন উগ্রপন্থী পাহাড়ের ঘন জঙ্গলের সুযোগ নিয়ে পালিয়ে যেতে সক্ষম হয়েছে । ঘটনাস্থল থেকে একটি এ কে এ্যাসল্ট রাইফেল সহ বেশকিছু তাজা গোলাবারুদ উদ্ধার করা হয়েছে । তবে এই এলাকায় পুলিশের তল্লাশি অভিযান আরো জোরদার করা হয়েছে । এই ঘটনার তদন্ত চালানো হচ্ছে বলে পুলিশ জানিয়েছে ।

---

দরং জেলা স্বাস্থ্য বিভাগ জাতীয় পর্যায়ে বিশেষ সফলতা লাভ করতে সক্ষম হয়েছে । জাতীয় গুণগত মান নিশ্চিতকরণ কার্যসূচির অধীনে ওই জেলার তিনটি আয়ুষ্মান আরোগ্য মন্দির জাতীয় স্বীকৃতি লাভ করেছে । এই বিশেষ স্বীকৃতি লাভ করা আরোগ্য মন্দির তিনটি হচ্ছে - পাথরীঘাট প্রাথমিক স্বাস্থ্য

কেন্দ্রের অধীন শালিকাঝার আয়ুষ্মান আরোগ্য মন্দির , সিপাঝার প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অধীন সানোয়া আয়ুষ্মান আরোগ্য মন্দির এবং ব্যাসপাড়া আয়ুষ্মান আরোগ্য মন্দির । উল্লেখ্য যে এই স্বীকৃতি লাভের জন্য স্বাস্থ্য কেন্দ্র গুলিতে প্রয়োজনীয় চূড়ান্ত পর্যায়ের মূল্যায়ন গত মাসে সম্পন্ন করা হয়েছিল । জাতীয় স্বাস্থ্য ব্যবস্থা গবেষণা কেন্দ্রের মূল্যায়নকারীর একটি প্রতিনিধি দল আয়ুষ্মান আরোগ্য মন্দিরগুলি পর্যবেক্ষণ করেছিল ।

---

দেশের বিভিন্ন অঞ্চলে আজ আশুরা-ই-মহরম চিরাচরিত ধর্মীয় রীতি-নীতি মেনে পালন করা হয়েছে । কারবালায় সত্য এবং ন্যায়ের জন্য প্রাণ আহুতি দেওয়া পয়গম্বর মোহম্মদের নাতি হজরত ইমাম হোসেন এবং তার সহযোগীদের স্মৃতিতে এই পর্ব পালন করা হয়ে থাকে । এ উপলক্ষ্যে দেশের বিভিন্ন স্থানে তাজিয়া সহযোগে শোভাযাত্রা বের করা হয়ে থাকে । কারাবালার শহীদদের ত্যাগের প্রতি শ্রদ্ধা জানিয়ে ধর্মীয় সভা এবং মজলিশের আয়োজন করা হয়ে থাকে ।

সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও আজ শান্তিপূর্নভাবে মহরম পালিত হয়েছে । কাছাড় জেলার সোনাই ও সোনাবাড়ীঘাট অঞ্চলে মহরম উপলক্ষ্যে শোভাযাত্রা , লাঠি খেলার আয়োজন করা হয়েছে ।

হাইলাকান্দি জেলায় কড়া নিরাপত্তা ব্যবস্থার মধ্য দিয়ে আজ ত্যাগের উৎসব মহরম পালিত হয়েছে । হাইলাকান্দি শহর সংলগ্ন প্রায় ২২টি মহরম কমিটি আজ হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠে মহরমের কেন্দ্রীয় অনুষ্ঠান পালন করেছে । এদিকে জেলার বিভিন্ন প্রান্ত থেকে মহরমের শোভাযাত্রা শহরের জেলা ক্রীড়া সংস্থার মাঠে এসে শেষ হয় । এখানে লাঠি খেলা , ঢোল বাজনার মাধ্যমে কারাবালার শহীদদের স্মরন করা হয়েছে ।

করিমগঞ্জ জেলায়ও আজ শান্তিপূর্নভাবে মহরম উদযাপিত হয়েছে। এ উপলক্ষ্যে বদরপুর সুন্নী ফাউন্ডেশনের উদ্যোগে বদরপুর বাজার চৌমাথায় পথচারীদের মধ্যে ঠান্ডা পানীয় জল বিতরণ করা হয়েছে।

---------------------------------------------------------------------------------

আসাম বিধানসভার বিভিন্ন বিভাগের আয়-ব্যয় সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি- ডি আর এস সি ( এ ) উন্নয়ন বিভাগের নয় সদস্য বিশিষ্ট একটি কমিটি আগামীকাল থেকে আগামী শনিবার পর্য্যন্ত করিমগঞ্জ ,হাইলাকান্দি ও কাছাড় জেলার ক্ষেত্র সমীক্ষা পরিদর্শন করতে আসছেন । বিধায়ক গোবিন্দ চন্দ্র বসুমাতারির নেতৃত্বে আসা নয় সদস্যের এই দলে বরাক উপত্যকার তিন বিধায়ক- খলিল উদ্দিন মজুমদার, জাকির হোসেন লস্কর এবং কমলাক্ষ্য দে পুরকায়স্থ ছাড়াও অন্যান্য সদস্যরা হচ্ছেন- মুজিবুর রহমান , শ্রীমতি শিবামনি বরা ,মোহম্মদ আমিনুল ইসলাম , লরেন্স ইসলারী ও দূর্গাদাস বড়ো ।

---------------------------------------------------------------------------------

আসাম বিধানসভার প্রতিনিধি দলটি আগামীকাল বিকেলে করিমগঞ্জ জেলা সফরে আসছেন । প্রতিনিধি দলটি করিমগঞ্জে পৌঁছে বিকেল চারটায় উন্নয়ন মূলক কাজের ক্ষেত্র পরিদর্শন করবেন । প্রতিনিধি দলটি আগামী শুক্রবার সকাল ১০ টায় জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে এক পর্য্যালোচনা বৈঠকে মিলিত হবেন ।

এদিকে প্রতিনিধি দলটি আগামী ২০ জুলাই অর্থাৎ শনিবার কাছাড় জেলার সংশ্লিষ্ট বিভাগেরব ২০২৩-২৪ বর্ষের প্রতিবেদনে থাকা পর্য্যবেক্ষন এবং সুপারিশ পরীক্ষা করার জন্য স্পট পরিদর্শন করে জেলা আয়ুক্ত ও বিভাগীয় আধিকারীকদের সঙ্গে পর্য্যালোচনা বৈঠকে অংশগ্রহন করবেন ।

---------------------------------------------------------------------------------

শিলচরের সাংস্কৃতিক সংগঠন ফক-ইরা’র উদ্যোগে আয়োজিত ভাওয়াইয়া গানের কর্মশালা সহজ আলাপ-২০২৪ আগামী ১৯, ২০ ও ২১শে জুলাই শিলচর বঙ্গভবনে অনুষ্ঠিত হবে । কর্মশালার অন্তিম দিন আগামী ২১শে

জুলাই ,সন্ধ্যা পাঁচটা থেকে আনন্দ -লোক শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠান- ২০২৪ অনুষ্ঠিত হবে । কর্মশালায় বাংলাদেশের ঢাকা থেকে  ভাওয়াইয়া গানের শিল্পী কামরুজ্জামান রাব্বি মূখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন । এছাড়া বাংলাদেশের আরো এক লোকসঙ্গীত শিল্পী ইকবাল সাই-ও এই অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করবেন ।

---------------------------------------------------------------------------